ফাতওয়া নাম্বার: ১৮৭ প্রকাশকালঃ১৮-০৮-২০২১ ইং

যে ভেকু দিয়ে অর্থ উপার্জন করা হয় তার মূল্যের ওপর কি যাকাত আসবে?

প্রশ্নঃ

আমার এক ভাইয়ের দুটি ভেকু আছে। যা দ্বারা সে উপার্জন করে থাকে। ভেকু দুটির মূল্য ১৮ লাখ টাকা। আমার জানার বিষয় হল, এগুলোকে কি ব্যবসার সম্পদ বলা হবে? এবং এর মূল্যের ওপর কি যাকাত আসবে?

প্রশ্নকারী- আহমাদ

উত্তর:

শরীয়তের পরিভাষায় ব্যবসার মূল কথা হচ্ছে বেচা-কেনা বা পণ্য বিনিময়। যে পণ্য বিনিময়ের মাধ্যমে সাধারণত মানুষ লাভবান হওয়ার চেষ্টা করে, তাকে ব্যবসার সম্পদ বলে। সুতরাং আপনার ভাই যদি ভেকু ক্রয় বিক্রয়ের কাজ করতেন, তাহলে তা ব্যবসাপণ্য হিসেবে যাকাতের আওতায় আসত। পক্ষান্তরে এখন তিনি যেভাবে ভেকু ভাড়া দিয়ে বা ভেকু দিয়ে কাজ করে উপার্জন করছেন; এখানে ভেকু দুটি ব্যবসাপণ্য নয়; বরং তার উপার্জনের উপকরণ। উপার্জনের উপকরণের ওপর যাকাত আসে না। যেমন কেউ যদি একটি গাড়ি বা বাড়ি ভাড়া দিয়ে উপার্জন করে, তাহলে উক্ত গাড়ি বা বাড়ির ওপর যাকাত আসে না; যদিও তা কোটি টাকা মূল্যের হোক না কেন।

হ্যাঁ, ভেকু দিয়ে উপার্জিত টাকা যদি তার নেসাবের যাকাতবর্ষ পূর্ণ হওয়ার দিন হাতে থাকে, তখন তার যাকাত আদায় করতে হবে।

আরও জানতে সাইটে প্রকাশিত নিচের দুটি ফতোয়া দেখুন:

১. “যাকাতের হুকুম কী? নেসাব কত? এবং কার ওপর ফরয?”
লিংক: https://fatwaa.org/২০২০/০৭/১৮/১৪০৮/

২. যে গাড়ি দিয়ে উপার্জন করা হয় তার ওপর কি যাকাত ফরজ হয়?
লিংক: https://fatwaa.org/২০২১/০২/২১/২১১৭/

فقط، والله تعالى أعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

০২-০১-১৪৪৩ হি.

১২-০৮-২০২১ ইং